

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৫২৯

আগরতলা, ৩ নভেম্বর, ২০২৩

পূর্বাঞ্চল নিউরো সায়েন্টিস্টস অ্যাসোসিয়েশনের ৩৬তম বার্ষিক সম্মেলন  
জনগণকে উন্নত স্বাস্থ্য পরিষেবা দেওয়া সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র : মুখ্যমন্ত্রী

জনগণকে উন্নত স্বাস্থ্য পরিষেবা দেওয়া সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র। রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করার লক্ষ্যে রাজ্য সরকার নিরন্তর প্রয়াস অব্যাহত রেখেছে। আজ আগরতলার হাঁপানিয়াস্থিত ইন্টারন্যাশনাল ইন্ডোর এক্সিবিশন কেন্দ্রে অনুষ্ঠিত দেশের পূর্বাঞ্চল নিউরো সায়েন্টিস্টস অ্যাসোসিয়েশনের ৩৬তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, রাজ্যের জন্য অত্যন্ত গর্বের বিষয় যে ত্রিপুরায় এ ধরনের সম্মেলন আয়োজিত হচ্ছে। এ থেকে বোঝা যায় রাজ্যের চিকিৎসা পরিকাঠামো উন্নয়ন এবং চিকিৎসা পেশার সাথে যুক্তদের দক্ষতা বৃদ্ধিতে রাজ্য সরকার সঠিক নীতি নিয়ে কাজ করছে। এই সম্মেলনের লক্ষ্য হলো দেশের এই অঞ্চলের প্রচলিত স্নায়বিক ব্যাধি সম্পর্কে জ্ঞান, গবেষণা এবং অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার জন্য উপযুক্ত একটি প্ল্যাটফর্ম প্রদান করা। এ ধরনের সম্মেলনে অভিজ্ঞতা, পরামর্শ ও মতবিনিময় নিউরো বিজ্ঞানের ক্ষেত্রে এক নতুন দিগন্ত উন্মোচিত হবে বলে মুখ্যমন্ত্রী আশাব্যক্ত করেন।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বর্তমানে ৬টি স্টেট হাসপাতাল, ৬টি জেলা হাসপাতাল, ১৫টি মহকুমা হাসপাতাল ২১টি কমিউনিটি হেলথ সেন্টার এবং ১২১টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। তিনি বলেন, ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অর্থানুকূলে ১১৫ কোটি টাকা ব্যয়ে রাজ্যের জিবিপি হাসপাতালে সম্প্রতি নবনির্মিত সুপার স্পেশালিটি ব্লকের উদ্বোধন হয়েছে। এখানে প্রস্তাবিত ১১টি সুপার স্পেশালিটি বিষয়ের মধ্যে প্রাথমিকভাবে যে ৭টি চালু করা হয়েছে তারমধ্যে নিউরো সার্জারি ও নিউরোলজি পরিষেবার বিষয়টি রয়েছে। রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নে সাম্প্রতিক কয়েকটি রাজ্য সরকারের পদক্ষেপের উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, আইজিএম হাসপাতাল কমপ্লেক্সে আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজের পঠনপাঠন শুরু হয়েছে। আইজিএম হাসপাতাল কমপ্লেক্সে নার্সেস ট্রেনিং ইনস্টিটিউটকে বিএসসি নার্সিং কোর্সের জন্য আগরতলা গভর্নমেন্ট নার্সিং কলেজে উন্নীত করা হয়েছে। গোমতী জেলার উদয়পুরে এএনএম ট্রেনিং ইনস্টিটিউটকে জিএনএম ট্রেনিং ইনস্টিটিউটে উন্নীত করা হয়েছে। ক্যান্সার রোগীদের আরও উন্নত পরিষেবা দেওয়ার লক্ষ্যে অটল বিহারী বাজপেয়ী রিজিওনাল ক্যান্সার হাসপাতালে ই-হাসপাতাল প্ল্যাটফর্মের মাধ্যমে মেরা আসপাতাল পোর্টাল নামে নতুন একটি ডিজিটাল উদ্যোগের সূচনা হয়েছে।

২-এর পাতায়

অনুষ্ঠানে পর্যটন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, রাজ্যে দ্বিতীয়বার এ ধরনের সম্মেলন আয়োজিত হচ্ছে। ২০১৮ সালে রাজ্য সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে নিউরো সার্জারি ও নিউরো সায়েন্সে রেভুলিউশন এসেছে। নিউরো সার্জারির ক্ষেত্রে জিবিপি হাসপাতালে উল্লেখযোগ্য কাজ হচ্ছে। রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নের ফলে নিউরো সার্জারি রোগীদের রেফারের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে কমেছে। সর্বক্ষেত্রে ত্রিপুরা এখন প্রগতির পথে এগিয়ে চলেছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশন অব নিউরো সায়েন্টিস্টস অব ইন্টার্ন ইন্ডিয়ান সম্পাদক ডা. কৌশিক শীল, সম্মেলনের আয়োজক কমিটি সম্পাদক ডা. শিশির দাস। স্বাগত বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশনের সভাপতি ডা. নভনীল বড়ুয়া। ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন ডা. দেবসত্ব ভট্টাচার্য। এই সম্মেলন আগামী ৫ নভেম্বর, ২০২৩ পর্যন্ত চলবে।

\*\*\*\*\*